

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৮/ ৫৭

তারিখ: এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩০/২০২৩

বিষয়ঃ আমদানিতব্য “ActiGraft- whole blood clot preparation kit” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ ARC Global Ltd. এর ২৬/০২/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

ARC Global Ltd. নামক প্রতিষ্ঠান “ActiGraft- whole blood clot preparation kit” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	ARC Global Ltd.
আবেদনকারীর ঠিকানা	37/2, Zaman Tower, Puran Paltan, Culvert Road, Dhaka-1000.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	ActiGraft- whole blood clot preparation kit
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Solid
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	USA
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	9018.90.90

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Hospital এ ব্যবহারের জন্য ActiGraft- whole blood clot preparation kit নামক পণ্যটি Solid প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য ActiGraft-whole blood clot preparation kit নামীয় পণ্যটির মূল অংশ হচ্ছে calcium gluconate monohydrate, kaolin powder প্রভৃতির সমন্বয়ে তৈরি একপ্রকার Coagulation mold যা রোগীর ক্ষতস্থান প্রাকৃতিকভাবে সেরে উঠতে সাহায্য করে। এতে রোগীর নিজের শরীর থেকে সংগৃহীত রক্ত Coagulation mold এর সাথে মেশানো হয় এবং মিশ্রণ তৈরি করা হয়। এই মিশ্রণটি একটি gauze এর উপর তৈরি করা হয়। এর মাধ্যমে whole blood clot tissue পাওয়া যায় যা রোগীর ক্ষতস্থানে প্রতিস্থাপন করা হয়। এর মাধ্যমে ক্ষতস্থান প্রাকৃতিকভাবে সেরে উঠে। Bangladesh Customs Tariff (BCT), 2022-23 হতে দেখা যায়, হেডিং 30.05 ভুক্ত পণ্যসমূহ হচ্ছে Wadding, gauze, bandages and similar articles (for example, dressings, adhesive plasters, poultices) impregnated or coated with pharmaceutical substances or put up; in the forms or packings for retail sale for medical surgical, dental or veterinary purposes. General Rules for the interpretation of the harmonized system এর Rule-1 অনুসারে আমদানিতব্য পণ্যের বর্ণনা হেডিং 30.05 এর terms এর সাথে সামঞ্জস্যপূর্ণ বিধায় সার্বিক বিবেচনায় আমদানিতব্য পণ্যটি এইচ এস কোড 3005.90.00 তে শ্রেণীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৬.০৪.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

✓ কমিশনার অব কাস্টমস


কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৮/

তারিখ: এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রতারণা পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। ব্যবস্থাপনা পরিচালক, ARC Global Ltd., 37/2, Zaman Tower, Puran Paltan, Culvert Road, Dhaka-1000.
- ২৭। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মুকিতুল হাসান)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com